দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. 29.1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

# গণসাহায্য সংস্থা পরিচালিত ৪৯টি স্কুল বন্ধের উপক্রম

**নড়াইল জেলা সংবাদদাতা ঃ** জেলার ৩টি থানায় এনজিও গণসাহায্য সংস্থার প্রতিষ্ঠিত ৪৯টি আনন্দ নিকেতন প্রাথমিক বিদ্যালয় বন্ধ হওয়ার উপক্রম হয়েছে।

গণসাহায্য সংস্থার নির্বাহী পরিচালক ফ. র. মাহমুদ হাসানের অপসারণ দাবীতে দেশব্যাপী গণসাহায্য সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের আন্দোলনের প্রেক্ষাপটে 'চেইন অব কমান্ড' ভেঙ্গে পড়ায় এবং অর্থ যোগান ব্যবস্থা অব্যাহত না থাকায় এর সবক্ষেত্রেই অচলাবস্থা পরিলক্ষিত হচ্ছে। নড়াইল জেলার ৪৯টি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ১০ হাজার শিশু শিক্ষার্থী বছরের মধ্যভাগে লেখা-পড়াবিহীন অবস্থার শিকার হয়ে বিপাকে পড়েছে। অভিভাবক মহল এ নিয়ে চরম উৎকণ্ঠিত হয়ে পড়েছে।

বিদ্যালয়গুলোর দেড়শ' শিক্ষিকা, ২০ জন স্কুল পরিদর্শকসহ জেলায় ২ শতাধিক কর্মকর্তা-কর্মচারী দীর্ঘদিন যাবৎ বেতন-ভাতা থেকে বঞ্চিত রয়েছে। শিশুরা ক্লাসে শিক্ষা উপকরণ পাচ্ছে না। ৪ বছর চলার পর এতগুলো শিশু শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হওয়ার উপক্রম হওয়ায় জেলার ১শ' ২৫ জন গণ্যমান্য ব্যক্তি উদ্বেগ প্রকাশ করে বিবৃতি দিয়েছেন।